

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পাস-২ শাখা  
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর: ৪৬.০০.০০০০.০৮৫.০১৬.০৪৯.২০১৭- ৭৬

তারিখ: ২৯ মাঘ ১৪৩০  
১২ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: 'জাতীয় স্থানীয় সরকার দিবস' ২০২৪ উদযাপন উপলক্ষে 'ফোল্ডার প্রস্তুতকরণ ও বিতরণ সংক্রান্ত কমিটি' - র সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে ১১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে ড. মলয় চৌধুরী, অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগের সভাপতিত্বে তাঁর অফিসকক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়। উল্লিখিত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ১ পৃষ্ঠা।

মোঃ আকবর হোসেন  
উপসচিব  
ফোন- ৫৫১০০৩৭০  
lgws2@lgd.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। যুগ্মসচিব, (প্রশাসন অধিশাখা / মনিটরিং ও মূল্যায়ন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ
- ২। উপসচিব (সিটি কর্পোরেশন-১/পৌর-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ
- ৩। সিনিয়র সহকারী সচিব (ইউপি-১/প্রশাসন-২), স্থানীয় সরকার বিভাগ

অনুলিপি: সদয় অবগতির জন্য

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ
- ৩। সিনিয়র সহকারী সচিব (ইউপি-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। অতিরিক্ত সচিব এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ (অতিরিক্ত সচিব এর সদয় অবগতির জন্য)
- ৬। অফিস কপি



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পাস-২ শাখা  
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

বিষয়ঃ 'জাতীয় স্থানীয় সরকার দিবস' ২০২৪ উদযাপন উপলক্ষে ফোল্ডার প্রস্তুতকরণ ও বিতরণ সংক্রান্ত কমিটি এর সভার কার্যবিবরণী।

সভাপতি	ড. মলয় চৌধুরী অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ
সভার স্থান	অতিরিক্ত সচিব (পাস) এর অফিস কক্ষ
তারিখ ও সময়	১১ ফেব্রুয়ারি, ২০২৪ বেলা: ৩.০০ টা

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভা আহ্বানের প্রেক্ষাপট এবং সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য জনাব মোঃ আকবর হোসেন, উপসচিব, স্থানীয় সরকার বিভাগকে অনুরোধ জানান।

২। জনাব মোঃ আকবর হোসেন, উপসচিব (পাস-২), স্থানীয় সরকার বিভাগ জানান যে, আগামি ২৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে কেন্দ্রীয়ভাবে 'জাতীয় স্থানীয় সরকার দিবস' অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানটি যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগকে আহ্বায়ক করে ৪ (চার) সদস্য বিশিষ্ট ফোল্ডার প্রস্তুতকরণ ও বিতরণ সংক্রান্ত কমিটি গঠন করা হয়।

৩। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ বলেন, 'জাতীয় স্থানীয় সরকার দিবস' যথাযোগ্য মর্যাদায় এবং সুষ্ঠুভাবে উদযাপনের জন্য ফোল্ডার প্রস্তুতকরণ ও বিতরণ সংক্রান্ত কমিটির উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করতে হবে। কমিটির কার্যপরিধি অনুযায়ী মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় মন্ত্রী এবং সচিব মহোদয়ের জন্য ফোল্ডার প্রস্তুত করে যথাসময়ে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণের খসড়া মোহাম্মদ শামছুল ইসলাম, উপসচিব (সিটি কর্পোরেশন-১), মাননীয় মন্ত্রীর ভাষণের খসড়া জনাব মোঃ আকবর হোসেন এবং সচিব, স্থানীয় সরকার বিভাগের ভাষণের খসড়া জনাব মোঃ আব্দুর রহমান প্রস্তুত করবেন। মাননীয় প্রধানমন্ত্রীর জন্য ফোল্ডার প্রস্তুত করতে হবে। ফোল্ডারে দাওয়াত পত্র, অনুষ্ঠানসূচী, ধারাক্রম, ভাষণের খসড়া, স্থানীয় সরকার বিভাগের অবদান, দিবসের পরিপত্র এবং আমন্ত্রিত অতিথিদের তালিকা দিতে হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৪। সভায় বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক	বিবরণ	বাস্তবায়ন
ক)	মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণের খসড়া প্রস্তুত করতে হবে।	উপসচিব, (সিটি কর্পোরেশন-১ শাখা) (৩ (তিন) কার্যদিবসের মধ্যে প্রেরণের অনুরোধসহ)
খ)	মাননীয় মন্ত্রীর ভাষণের খসড়া প্রস্তুত করতে হবে।	উপসচিব, (পাস-২ শাখা)
গ)	সচিব মহোদয়ের ভাষণের খসড়া প্রস্তুত করতে হবে।	উপসচিব, (পৌর-১ শাখা)
ঘ)	রং এবং ডিজাইন এর সমন্বয়পূর্বক একজন অভিজ্ঞ ডেভার দিয়ে মাননীয় প্রধানমন্ত্রীর জন্য ফোল্ডার তৈরি করতে হবে।	সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২ শাখা)
ঙ)	দাওয়াত পত্র প্রস্তুত করতে হবে।	সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২ শাখা)
চ)	অনুষ্ঠানসূচী প্রস্তুত করতে হবে।	যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা)
ছ)	অনুষ্ঠানের ধারাক্রম প্রস্তুত করতে হবে।	যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা)
জ)	স্থানীয় সরকার বিভাগের সাফল্যের বিবরণ	যুগ্মসচিব (মনিটরিং ও মূল্যায়ন অধিশাখা)
ঝ)	'জাতীয় স্থানীয় সরকার দিবস' এর পরিপত্র প্রস্তুত করতে হবে।	সিনিয়র সহকারী সচিব (ইউপি-১ শাখা)
ঞ)	আমন্ত্রিত অতিথিদের তালিকা প্রস্তুত করতে হবে।	যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা)

• সর্বসম্মতিক্রমে গৃহীত উপর্যুক্ত সিদ্ধান্তে বর্ণিত ডকুমেন্ট এবং প্রয়োজনীয় কাগজপত্র ২০ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের মধ্যে 'ফোল্ডার প্রস্তুতকরণ ও বিতরণ সংক্রান্ত কমিটি'র সভাপতির নিকট দাখিল করা হলে মাননীয় প্রধানমন্ত্রীর ফোল্ডার প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা হবে। কমিটির সদস্য-সচিব, উপসচিব (পাস-২) শাখা ফোল্ডার প্রস্তুতির যাবতীয় ডকুমেন্ট সংগ্রহ করার কাজ সমন্বয় করবেন।

৫। সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।



ড. মলয় চৌধুরী  
অতিরিক্ত সচিব (পাস)  
স্থানীয় সরকার বিভাগ